

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১৭১৯

আগরতলা, ৬ নভেম্বর, ২০২৪

ন্যাশনাল কমিশন ফর সাফাই কর্মচারির ভাইস চেয়ারপার্সনের  
সভাপতিত্বে আগরতলা পুরনিগমে পর্যালোচনা সভা অনুষ্ঠিত

ন্যাশনাল কমিশন ফর সাফাই কর্মচারির ভাইস চেয়ারপার্সন এ পানোয়ার তিনদিনের রাজ্য সফরে গতকাল আগরতলায় এসেছেন। ত্রিপুরায় সাফাই কর্মচারিদের কল্যাণে বিভিন্ন প্রকল্প রূপায়ণের বিষয়ে পর্যালোচনা করতে আজ সকালে তিনি আগরতলা পুরনিগমের সভাগৃহে বৈঠক করেন। এই বৈঠকে তপশিলি জাতি কল্যাণ দপ্তরের সচিব দীপা ডি নায়ার, আগরতলা পুরনিগমের কমিশনার শৈলেশ কুমার যাদব, পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ডা. বিশাল কুমার সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন। তাছাড়া ইপিএফ কমিশনার, ওএনজিসি, এসবিআই, টিজিবি এবং পিএনবি-এর প্রতিনিধিগণও পর্যালোচনা সভায় উপস্থিত ছিলেন। পর্যালোচনা সভায় ভাইস চেয়ারপার্সন সাফাই কর্মচারিদের কল্যাণে রূপায়িত বিভিন্ন প্রকল্প এবং তাদের সমস্যা সম্পর্কে অবগত হন। আগামীকাল তিনি ওএনজিসি ত্রিপুরা অ্যাসেস্ট-এর কনফারেন্স হলে সাফাই কর্মচারিদের বিভিন্ন প্রকল্প রূপায়ণের বিষয়ে বৈঠক করবেন। তপশিলি জাতি কল্যাণ দপ্তরের পক্ষ থেকে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*